

DD(ATM)  
১১/১১/২৪

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ  
নির্বাহী পরিচালকের দপ্তর,  
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯.



নং- ৩০.৩১.০০০০.১৭২.(হশাআবি ঠিকাদারী তালিকাভুক্তি)/১৭৫

তারিখঃ ২৭/০২/২০২৪খঃ

## ঠিকাদারী/ সরবরাহকারী তালিকাভুক্তি করনের বিজ্ঞপ্তি ।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলতি ২০২৩-২০২৪ আর্থিক সালে নির্বাহী পরিচালকের দপ্তর, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য বিভিন্ন স্টেশনারী দ্রব্যাদি সংগ্রহ, জনস্বার্থে ব্যবহৃত বিভিন্ন মালামাল ও যন্ত্রপাতির স্পেয়ার পার্টস, এমটি সেকশনের গাড়ী ভাড়াসহ বিভিন্ন গাড়ীর স্পেয়ার পার্টস সরবরাহ ও সংস্থাপনের নিমিত্ত ঠিকাদারী/ সরবরাহকারী হিসেবে তালিকাভুক্তি/ লাইসেন্সের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। আত্মহী প্রতিষ্ঠান সমূহকে নতুন তালিকাভুক্তি/ লাইসেন্সের ফরম সংগ্রহের নিমিত্ত স্ব-স্ব প্রতিষ্ঠানের প্যাডে নির্বাহী পরিচালক, হশাআবি, কুর্মিটোলা, ঢাকা মনোযোগ: সহকারী পরিচালক (হিসাব) চঃদাঃ বরাবর আবেদনপত্র দাখিল করে ম্যানেজার বিল্ডিং এর স্টোর শাখা রুম নং ৩০৪(ক) হতে নির্ধারিত ফরম সংগ্রহ ও জমা প্রদানের অনুরোধ করা হলো।

বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে ৭(সাত) দিনের মধ্যে ফরম ও পূরণসহ প্রয়োজনীয় কাগজপত্র অত্র দপ্তরের প্রকিউরমেন্ট স্টোর এন্ড সাপ্লাই শাখায় জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

খামের উপর নতুন তালিকাভুক্তি কথাটি উল্লেখ করতে হবে এবং সীলগালা থাকতে হবে। নির্ধারিত ফরম সঠিকভাবে পূরণ না হলে এবং সঠিক সময়ে পর কোন আবেদন গ্রহণযোগ্য হবেনা।

মোহাম্মদ কামরুল ইসলাম, বিএনপি, বিপিপি, এলিএসপি, পিএসপি, পিএইচটি, ইটিঃ  
গ্রুপ ক্যাপ্টেন  
নির্বাহী পরিচালক  
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।  
ইমেইল: edhsia@caab.gov.bd

### অনুলিপি :-

- ১। পরিচালক(সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা। সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।
- ২। পরিচালক(সিএনএস)-১ ও ২, অত্র ইউনিট।
- ৩। নোটিশ বোর্ড, প্রান্তিক ভবন, অত্র ইউনিট।
- ৪। নোটিশ বোর্ড, এসসিও এর দপ্তর।
- ৫। পিএ টু নির্বাহী পরিচালক(হশাআবি)।
- ৬। হিসাব শাখা, অত্র ইউনিট।